৩০২

দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 22 1999

পৃষ্ঠা ৩ কলাম ৫

## রাজশাহী ভার্সিটি ছাত্রলীগে কোন্দল

রাজশাহী সংবাদদাতা ॥ প্রায় চার বৎসর ধরিয়া ছাত্রলীগের (বা-অ) বিশ্ববিদ্যালয় কমিটি না থাকায় সংগঠনের আভ্যন্তরীণ কোন্দল চরম আকার ধারণ করিয়াছে। ইহার প্রতিক্রিয়ায় যে-কোন মুহূর্তে রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা করা হইতেছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের বিভিন্ন হল কমিটির নেতৃবৃন্দ ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক

(৯ম পৃঃ দ্রষ্টব্য)

## রাজশাহী ভার্সিটি

(৩য় পৃঃ পর)

কর্তৃক বিশ্ববিদ্যালয় শাখার জন্য মনোনীত সভাপতি ও সাধারণ সম্পাদককে বয়কট করা শুরু করিয়াছেন। আগামী ২৫শে আগষ্টের মধ্যে গণতান্ত্রিক প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয় কমিটি গঠিত না হইলে হল কমিটির নেতৃবৃন্দসহ বিপুলসংখ্যক নেতা-কর্মী গণ-পদত্যাগের হুমকি দিয়াছেন।

বিভিন্ন সূত্র জানায়, দীর্ঘদিনেও কমিটি গঠিত না হওয়ার প্রতিবাদে সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ নেতা-কর্মীরা ১৫ই আগষ্টের কর্মসূচী পালনে অপারগতা প্রকাশ করে। ফলে ছাত্রলীগ গৃহীত সপ্তাহব্যাপী কর্মসূচী স্থগিত হইয়া যায়।

ছাত্রলীগের (বা-অ) সর্বশেষ বিশ্ববিদ্যালয় কমিটি গঠিত হয় ১৯৯৪ সনের ৮ই সেপ্টেম্বর। ১৯৯৭ সনের ২৭শে নভেম্বর কাউন্সিল হইলেও দলীয় গ্রুপিং-এর কারণে কমিটি গঠনে অচলাবস্থা দেখা দেয়।